

বাংলা বিভাগ

পি এইচ. ডি. কমিটির সভা

তারিখ ১৮/২/২০১৫

উপস্থিত সদস্য:

- ১। তীর্থঙ্কর দাশ পুরকায়স্থ ১৮/২/১৫
- ২। শ্রুতিনাথ চক্রবর্তী ১৮-২-২০১৫
- ৩। সৌমিত্র বসু ১৮/২/১৫
- ৪।
- ৫।
- ৬। J.K.Nandi 18/02/15
- ৭। ছন্দা ঘোষাল ১৮.০২.২০১৫

আমন্ত্রিত ব্যক্তির

- ১। লা. খান ১৮. ২.১৫
- ২। অভিষেক রায় ১৮/০২/২০১৫
- ৩। বিভাসকান্তি মণ্ডল ১৮/০২/২০১৫
- ৪। মৃগালকান্তি দাস ১৮/০২/২০১৫
- ৫। অরুণ পলমল ১৮/০২/২০১৫
- ৬। অমিতাভ মিস্ত্রী ১৮/০২/২০১৫
- ৭। নিবেদিতা চক্রবর্তী ১৮/০২/২০১৫


আলোচ্য বিষয়:

- ১) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন
- ২) কলেজের অধ্যাপকদের গবেষণা-তত্ত্বাবধায়ক হওয়ার আবেদনপত্র বিবেচনা
- ৩) ড. সরোজ কুমার পান ও অভিষেক রায়ের চিঠির বিষয়ে আলোচনা
- ৪) প্রফেসর লায়েক আলি খান এবং তাঁর দুই গবেষক অমিতাভ মিস্ত্রী ও অসিত রঞ্জন সাঁতারার বিষয়ে আলোচনা
- ৫) প্রি-সাবমিশন সেমিনার
- ৬) পি এইচ. ডি. কোর্সে ভর্তির মৌখিক পরীক্ষা
- ৭) বিবিধ

সিদ্ধান্ত:

সভায় সভাপতিত্ব করলেন মাননীয় ডীন (কলা ও বাণিজ্য) অধ্যাপক তীর্থঙ্কর দাশ পুরকায়স্থ।

- ১) আলোচনার শুরুতে পূর্ববর্তী সভার (৫/১/১৫) সিদ্ধান্তসমূহ পাঠিত ও অনুমোদিত হলো।


Aliseo
12.10.18

২) তত্ত্বাবধায়ক ড. সরোজকুমার পান ও তাঁর গবেষক অভিষেক রায়ের মধ্যে যে সমস্যা হয়েছে তা নিয়ে আলোচনা হলো। ড. সরোজকুমার পান সভায় অনুপস্থিত ছিলেন। অভিষেক রায়ের সঙ্গে কথা বলার পর সভা তাঁর জন্য অন্য কোনো তত্ত্বাবধায়ক দেওয়ার সুপারিশ করলো, যা পরে স্থির হবে।

৩) তত্ত্বাবধায়ক অধ্যাপক লায়েক আলি খান এবং তাঁর দুই গবেষক অমিতাভ মিস্ত্রী ও অসিতরঞ্জন সাঁতরার মধ্যে যে সমস্যা হয়েছে তা নিয়ে সভা বিবেচনা করলো। ড. খান ও অমিতাভ মিস্ত্রীর সঙ্গে আলোচনার ভিত্তিতে অমিতাভ মিস্ত্রীর নিবন্ধীকরণ বাতিলের সুপারিশ করা হলো। অসিতরঞ্জন সাঁতরা সভায় অনুপস্থিত ছিলেন তার বিষয়টি পরবর্তী সভায় আলোচিত হবে।

৪) গবেষক অরূপ পলমল তাঁর তত্ত্বাবধায়ক ড. ছন্দা ঘোষালের উপস্থিতিতে সভায় তাঁর গবেষণা [গবেষণার বিষয়: “বাংলা উপন্যাসের দক্ষিণ-পশ্চিমবঙ্গের আঞ্চলিক সংস্কৃতি: নির্বাচিত লেখক অবলম্বনে (১৯৮০-২০১০)”] বাংলা উপন্যাসে দক্ষিণ পশ্চিমবঙ্গের আঞ্চলিক জীবন নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন। সভা তাঁর বক্তব্যে সন্তুষ্ট হয়ে গবেষণাকর্মটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জমা দেওয়ার সুপারিশ করলো।

৫) গবেষক অরূপ পলমলের গবেষণাপত্রের পরীক্ষক তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

৬) গবেষণার জন্যে আবেদনকারী কার্তিক বর্মনের প্রি-রেজিস্ট্রেশন সেমিনার হলো। কিন্তু তাঁর গবেষণার প্রস্তাব পত্রটি যথাযথ না হওয়ার জন্যে সভা তাঁকে সেটি পুনর্লিখিত রূপে পরবর্তী সভায় আনতে পরামর্শ দিল।

৭) অধ্যাপিকা নিবেদিতা চক্রবর্তী (পিংলা থানা মহাবিদ্যালয়) গবেষণা-তত্ত্বাবধায়ক হওয়ার আবেদন জানিয়েছিলেন। তাঁর বিশেষজ্ঞতার ক্ষেত্র নাটক, রবীন্দ্রসাহিত্য ও কথাসাহিত্য। সভা তাঁর তত্ত্বাবধায়ক হওয়ার যোগ্যতায় নিঃসন্দেহ হয় এবং তাঁকে তত্ত্বাবধায়কের স্বীকৃতি দেওয়ার জন্যে কর্তৃপক্ষের কাছে সুপারিশ করে।

৮) অধ্যাপক মৃগালকান্তি দাসের (পালপাড়া কলেজ) গবেষণা-তত্ত্বাবধায়ক হওয়ার আবেদন সভায় আলোচিত হয়। তাঁর বিশেষজ্ঞতার ক্ষেত্র কবিতা ও তুলনামূলক ভারতীয় সাহিত্য। সভা তাঁরও যোগ্যতা বিচার করে তাঁকে তত্ত্বাবধায়ক হিসেবে স্বীকৃতি দেওয়ার জন্যে কর্তৃপক্ষের কাছে সুপারিশ করে।

৯) অধ্যাপক বিভাসকান্তি মণ্ডলের (পালপাড়া কলেজ) গবেষণা তত্ত্বাবধায়ক হওয়ার আবেদন বিবেচনা করে সভা তাঁকে তত্ত্বাবধায়ক হিসেবে স্বীকৃতি দেওয়ার বিরুদ্ধে মত প্রদান করে।


সভায় আর কোনো আলোচ্য না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করা হলো।


তীর্থঙ্কর দাশ পুরকায়স্থ

১৮/২/১৫

শ্রুতিনাথ চক্রবর্তী

১৮-০২-২০১৫


12/9/18


12.10.15